দৈনিক ইত্তেফাক

তারিখ: 16 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শার্শায় ৪০টি প্রাইমারি স্কুলের ভবন জরাজীর্ণ

## খোলা আকাশের নিচে চলছে পাঠদান

■ বেনাপোল (যশোর) সংবাদদাতা

"বিশ্ব জোড়া পাঠশালা মোর সবার আমি ছাত্র এই প্রবাদ বাক্যটিই আজ দেশের অজ পাড়া গাঁয়ের প্রাইমারি শিক্ষায় কোমলমতি শিশুদের যেন সঙ্গী হয়েছে। তাইতো ভাঙাচুরা স্কুল, বাঁশের বেড়া আর খোলা আকাশের নিচে গাছের ছায়ায় চলছে তাদের পাঠদান। রোদ-বৃষ্টি উপেক্ষা করে বই আর চাটাই নিয়ে শিক্ষা গ্রহণ করতে আসছে এসব কোমলমতি শিক্ষার্থীরা।

যশোরের সীমান্তবর্তী শার্শা উপজেলার নাভারন বেড়ি নারানপুর সরকারি প্রাথমিক রিদ্যালয় এবং উলাশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জায়গা সংকুলান না হওয়ার কারণে শিক্ষার্থীরা খোলা আকাশের নীচে ক্লাস করছে। পরিত্যক্ত বিল্ডিং ভেঙ্গে পড়ার ভয়ে উলাশী গ্রামের শিক্ষানুরাগীদের চাঁদার টাকায় বাঁশ আর টিন দিয়ে নির্মিত ঘরে চলছে ক্লাস। এসব স্কুলের শিক্ষকরা জানান, জরাজীর্ণ ভবন আর স্কুলে জায়গা সঙ্কুলান না হওয়ায় ছাত্র-ছাত্রীদের খোলা আকাশের নিচে ক্লাস নিতে হয়। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ উপজেলায় ৮৯ জন শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাছাড়া ৪০টি স্কুলের জরাজীর্ণ ভবনকে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে।

তাছাড়া অধিক শিক্ষার্থী হওয়ায় স্কুলে ক্লাসরুমের বেশ সংকট রয়েছে। উপজেলার সমস্যাপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। বরাদ্দ পেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে জানান শার্শা উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুস সালাম।



বেনাপোল (যশোর) : -শার্শা উপজেলার বেড়ি নারানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থান সংকুলান না হওয়ায় খোলা আকাশের নিচে ক্লাস করছে কোমলমতি শিশু শিক্ষার্থীরা — ইত্তেফাক